

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩৭(আগরতলা, ১১।৫)

ধর্মনগর, ১১ মে, ২০১৮

ধর্মনগরে বিদ্যালয় শিক্ষা দপ্তরের উদ্যোগে রবীন্দ্র জয়ন্তী পালিত

বিদ্যালয় শিক্ষা দপ্তরের উত্তর ত্রিপুরা জেলা কার্যালয়ের উদ্যোগে গত ৯ মে রবীন্দ্র জন্মজয়ন্তী উপলক্ষ্যে ধর্মনগর বিবেকানন্দ সার্থ শতবার্ষিকী ভবনে যথাযোগ্য মর্যাদায় কবি প্রণাম অনুষ্ঠিত হয়। প্রভাত ফেরীর মধ্য দিয়ে এদিনের কর্মসূচির সূচনা হয়। ধর্মনগর বিদ্যালয় পরিদর্শকের কার্যালয় প্রাঙ্গণ থেকে প্রভাতফেরী শুরু হয়ে শহরের প্রধান পথ পরিক্রমা করে ধর্মনগর বিবেকানন্দ সার্থ শতবার্ষিকী ভবনে এসে শেষ হয়। প্রভাতফেরী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক বিশ্ববন্ধু সেন, পুর পরিষদের চেয়ারপার্সন শক্তি ভট্টাচার্য্য প্রমুখ। বিবেকানন্দ সার্থ শতবার্ষিকী ভবনে প্রভাতী কবি প্রণাম অনুষ্ঠানের প্রদীপ প্রজ্জ্বলন করে উদ্বোধন করেন বিধায়ক বিশ্ববন্ধু সেন। উদ্বোধকের ভাষণে বিধায়ক শ্রী সেন রবীন্দ্রনাথ ঠাকুরের চিন্তা, চেতনা মানুষের কাছে পৌঁছে দেয়ার আহ্বান জানান। অনুষ্ঠানে ধর্মনগর পুর পরিষদ এলাকার বিভিন্ন বিদ্যালয়ের ৫০জন শিল্পী রবীন্দ্র নৃত্য, সংগীত ও আবৃত্তি পরিবেশন করে।
